



বাংলাদেশ ফুটবল ফেডারেশন

BANGLADESH FOOTBALL FEDERATION



তারিখঃ ২৭-০৯-২০২১

সংবাদ বিজ্ঞপ্তি

আগামী ০১-১০-২০২১ তারিখ হতে ১৬-১০-২০২১ তারিখ পর্যন্ত 'সফ চ্যাম্পিয়নশীপ ২০২১' এর খেলা মালদ্বীপে অনুষ্ঠিত হবে। উক্ত প্রতিযোগিতায় বাংলাদেশ জাতীয় ফুটবল দলসহ ভারত, মালদ্বীপ, শ্রীলঙ্কা ও নেপাল জাতীয় ফুটবল দল অংশগ্রহণ করবে। এ লক্ষ্যে অদ্য ২৭-০৯-২০২১ তারিখ সোমবার দুপুর ১২.৩০ ঘটিকায় বাংলাদেশ জাতীয় ফুটবল দলের বিভিন্ন বিষয়ে অবহিতকরণের লক্ষ্যে মতিবিলস্থ বাফুফে ভবনের ৩য় তলার কনফারেন্স রুমে এক সংবাদ সম্মেলন অনুষ্ঠিত হয়।

উক্ত সংবাদ সম্মেলনে উপস্থিত ছিলেন বাফুফে সদস্য ও বাংলাদেশ জাতীয় ফুটবল দলের টিম ম্যানেজার জনাব সত্যজিৎ দাশ রুপু, বাংলাদেশ জাতীয় ফুটবল দলের প্রধান প্রশিক্ষক Mr. Oscar William Bruzon Barreras, দলের মিডিয়া ম্যানেজার জনাব হাসান মাহমুদ এবং দলের অধিনায়ক জামাল ভূইয়া।

আগামীকাল ২৮-০৯-২০২১ তারিখ দুপুর ২.৪০ ঘটিকায় বাংলাদেশ জাতীয় ফুটবল দল মালদ্বীপের উদ্দেশ্যে ঢাকা ত্যাগ করবে।

খালিদ মাহমুদ নওমী
মিডিয়া এক্সিকিউটিভ
বাংলাদেশ ফুটবল ফেডারেশন।